

## ডাকসু পুনর্নির্বাচনের দাবি প্রগতিশীল ছাত্রজোটের

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক



১৭ সেপ্টেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ১৭ সেপ্টেম্বর ২০১৯ ০০:০৫

ডাকসুর সাধারণ সম্পাদক গোলাম রাবানীর বিবরণে  
চাঁদাবাজির অভিযোগ ওঠার পরিপ্রেক্ষিতে ডাকসু ভেঙে দিয়ে পুনর্নির্বাচনের দাবি জানিয়েছে বামপন্থি ছাত্র  
সংগঠনগুলোর জেট প্রগতিশীল ছাত্রজোট। গতকাল দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিনে এক সংবাদ  
সম্মেলনে জোটের নেতা ছাত্র ইউনিয়নের সভাপতি মেহেদী হাসান নোবেল এ দাবি জানান।

লিখিত বক্তব্যে ডাকসুর জিএস রাবানীর প্রতি ইঙ্গিত করে তিনি বলেন, দুর্নীতির অভিযোগ মাথায় নিয়ে নিজ  
সংগঠন থেকে অব্যাহতি পাওয়া কোনো ব্যক্তি ডাকসুর কোনো পদে আর থাকতে পারেন না। তাই

বর্তমান বাস্তবতায় দাঁড়িয়ে ডাকসুর অতীত-ঐতিহ্য সমুন্নত রাখার জন্য অবিলম্বে এই ডাকসু অবৈধ ঘোষণা করে  
পুনর্নির্বাচনের দাবি জানাচ্ছি আমরা।

এ সময় সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের একাংশের সভাপতি ইমরান হাবিব রহমন, আরেক অংশের সাধারণ সম্পাদক  
রাশেদ শাহরিয়ার, ছাত্র ইউনিয়নের সাধারণ সম্পাদক অনিক রায় ও বিপুর্বী ছাত্র মৈত্রীর সভাপতি ইকবাল কবির  
উপস্থিতি ছিলেন।

advertisement